



বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড

চট্টগ্রাম রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা
দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম-৪২২৩।
(www.bepza.gov.bd)



নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র নং- বেপাসক/৩৩৮/৩৩৬৪/২১

তারিখঃ ২৬/১০/২০২১

বেপজা পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম ইপিজেড, চট্টগ্রাম এর জন্য নিম্নবর্ণিত শর্তে চুক্তি ভিত্তিক 'অধ্যক্ষ' নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রঃ নংঃ	পদের নাম ও বেতন ভাতাদি	পদের সংখ্যা	১৫/১১/২০২১ ইং তারিখে বয়স	শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা
০১	অধ্যক্ষ বেতনঃ আলোচনা সাপেক্ষে।	০১ (এক)	বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জন্য সরকার অনুমোদিত বয়সসীমা।	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির অনার্সসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা ন্যূনতম ২য় শ্রেণিসহ ০৪ (চার) বছরের অনার্স ডিগ্রী। কলেজ পর্যায়ে প্রভাষক/ সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ১৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা। অথবা সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা (লেঃ কর্নেল অথবা তদূর্ধ্ব পদমর্যাদার)। অথবা ক্যাডেট কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ। খ) আবেদনকারীর নেতৃত্বের দক্ষতা, সমস্যা সমাধান ও সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতাসহ বাংলা ও ইংরেজিতে দক্ষতা থাকতে হবে।

শর্তাবলীঃ

- আবেদনপত্রের সাথে জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, বাস্তব কাজের অভিজ্ঞতা, চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, প্রশিক্ষণ ইত্যাদির সনদ এবং সাম্প্রতিক তোলা ০২(দুই) কপি পাসপোর্ট আকারের ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়নপূর্বক সংযুক্ত করতে হবে। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা, দক্ষিণ হালিশহর, চট্টগ্রাম-৪২২৩ এর বরাবরে মোবাইল নম্বর উল্লেখপূর্বক জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে পৌছাতে হবে।
- ইন্টারভিউ কার্ডের মাধ্যমে পরীক্ষা/ইন্টারভিউয়ের সময় জানিয়ে দেয়া হবে।
- মৌখিক পরীক্ষার দিন শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্রসমূহ সঙ্গে আনতে হবে।
- খামের উপর আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে।
- চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- “বেপজা পাবলিক স্কুল ও কলেজ” এর অনুকূলে ৬০০.০০ (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে সংযোজন করতে হবে।
- নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

Mushtaq
24/10

(মসিহউদ্দিন বিন মেসবাহ)
মহাব্যবস্থাপক
চট্টগ্রাম ইপিজেড